গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩২ তারিখঃ ২১ মে ২০২৩

বিষয়: চাপাইনবাবগন্জ জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।

সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২-৩৭২, তারিখ: ২২-০৩-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ১৪ মে ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক চাপাইনবাবগন্জ জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে চাপাইনবাবগন্জ জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চাপাইনবাবগন্জ সদর

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৪ মে ২০২৩ তারিখ, সকাল ১১.০০ টা

০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত ১২ টি পদের মধ্যে ০২ টি পদ শূন্য। একজন মেডিকেল অফিসার সংযুক্তিতে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। অতিরিক্ত ০২ জন পরিবার কল্যাণ পরিদর্শিকা সংযুক্তিতে কর্মরত আছেন। অতি প্রয়োজনীয় ফার্মাসিস্ট ও আয়ার পদ না থাকায় সংযুক্তিতে উক্ত পদসমূহে ০৩ জন কর্মরত।


০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ : মডেল স্বাস্থ্য কেন্দ্র হিসাবে এ প্রতিষ্ঠানে রোগীর সংখ্যা বেশী হওয়ায় আরো ০২ জন FWV এর পদ প্রয়োজন।


০৬। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন : আর্থিক অনিয়ম পরিলক্ষিত না হলেও বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রয়োজন।

০৭। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের সার্বিক পরিবেশ বিদ্যমান রয়েছে এবং রোগীদের ব্যবহৃত বাথরুমসহ অফিসের পরিচ্ছন্নতার মান সন্তোষজনক।


০৮। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ১৯৬৫ সালে নির্মিত দ্বিতল ভবনটি পুন:নির্মাণ করা প্রয়োজন। ভবনটি পুন:নির্মাণের প্রস্তাব অপারেশন প্ল্যানে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে বলে জানানো হয়।



ভবন পুরাতন ও ছাদের অবস্থা জরাজীর্ণ



ওটি কক্ষে আধুনিক যন্ত্রপাতি অপর্যাপ্ত



অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা হয়েছে



স্থানীয়ভাবে স্থাপিত ব্রেস্ট ফিডিং এবং কৈশোর বান্ধব কর্ণার



স্টোরে প্রয়োজনের অতিরিক্ত রেজিস্টার



৯। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। রোগীদের ব্যবহার্য বেড ও সাইড টেবিল মেরামতের ব্যবস্থা করা প্রয়োজন।

১০। কোন সমস্যা/চাহিদা :

(ক) প্রতিষ্ঠান ভবন পুরাতন ও ছাদের অবস্থা জরাজীর্ণ বিধায় দ্বিতল ভবনটি পুন:নির্মাণ করা প্রয়োজন। (খ) অপারেশন থিয়েটারে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতির স্বল্পতা। (গ) স্টোরে অপ্রয়োজনীয় রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে। কেন্দ্রীয়ভাবে

প্রয়োজনের অতিরিক্ত রেজিস্টার এবং মেয়াদ শেষ হওয়ার মাত্র ২/৩ মাস পূর্বে ওষুধ সরবরাহ করা হয়। (ঘ) মডেল স্বাস্থ্যকেন্দ্র হিসাবে অনুমোদিত পদ পর্যাপ্ত নয়। ইউনিয়ন মা ও শিশু কল্যাণ কেন্দ্র হতে FWV এ অফিসে সংযুক্ত থাকায় সংশ্লিষ্ট কেন্দ্রের স্বাস্থ্যসেবা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। (ঙ) আগত মায়েদের অধিকাংশের বয়স আঠারোর নীচে।

১১। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :

(ক) প্রতিষ্ঠান ভবনটি পুন:নির্মাণের প্রস্তাব অপারেশন প্ল্যানে অন্তর্ভুক্ত করা প্রয়োজন;

(খ) অপারেশন থিয়েটারে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন;

(গ) জরুরি ভিত্তিতে ভবনের ছাদ সংস্কার করা প্রয়োজন:

(ঘ) মডেল স্বাস্থ্য কেন্দ্র হিসাবে এ প্রতিষ্ঠানে রোগীর সংখ্যা বেশী হওয়ায় আরো ০২ জন FWV এবং আয়ার পদ সৃজন করা প্রয়োজন;

(ঙ) আগত মায়েদের অধিকাংশের বয়স আঠারোর নীচে পরিলক্ষিত হওয়ায় বাল্যবিবাহ প্রতিরোধে স্থানীয়ভাবে সচেতনতা কার্যক্রম বৃদ্ধি করা প্রয়োজন;

(চ) Need assessment করে প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা এবং অপ্রয়োজনীয়ভাবে রেজিস্টার সরবরাহ না করা;

(ছ) আর্থিক বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন।

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩২ তারিখঃ ২১ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, চাপাইনবাবগন্জ
০৫। উপসচিব (পারসোনেল-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।